

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৩০৯.২০১৭- ১৬৩৩

তারিখঃ ৩১-০৭-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ রীট পিটিশন নং-৭৮২৭/২০১৭, বাদী-জনাব মোঃ আবু সুলতান, পিতা-মোঃ জমিদ উদ্দিন, ৮নং নন্দুয়ার ইউনিয়ন পরিষদ, রানীশংকৈল, ঠাকুরগাঁও বনাম সরকার ও অন্যান্য।

সূত্রঃ তারিখঃ ১৯-০৬-২০১৭খ্রিঃ, সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত।

ঠাকুরগাঁও জেলার রানীশংকৈল উপজেলাধীন ৮নং নন্দুয়ার ইউনিয়ন পরিষদের সীমানা পুনঃনির্ধারণপূর্বক নির্বাচন অনুষ্ঠানের দাবীতে বাদী কর্তৃক রীট পিটিশন নং ৭৮২৭/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত ১ ও ২নং বিবাদীকে বাদীর ২৮-০৫-২০১৭ তারিখের আবেদন নিষ্পত্তির আদেশসহ রুল ইস্যুপূর্বক বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। রীট পিটিশন নং ৭৮২৭/২০১৭ এ প্রতিদ্বন্দিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯৫

জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। উপসচিব (ইপ-১), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি/মাষ্টার কপি।